দিবস রজনী, আমি যেন কার    আশায় আশায় থাকি ।
তাই    চমকিত মন, চকিত শ্রবণ,    তৃষিত আকুল আঁখি ॥
    চঞ্চল হয়ে ঘুরিয়ে বেড়াই,    সদা মনে হয় যদি দেখা পাই—
    'কে আসিছে' বলে চমকিয়ে চাই    কাননে ডাকিলে পাখি ॥
জাগরণে তারে না দেখিতে পাই,    থাকি স্বপনের আশে—
ঘুমের আড়ালে যদি ধরা দেয়,    বাঁধিব স্বপনপাশে ।
    এত ভালোবাসি, এত যারে চাই,    মনে হয় না তো সে যে কাছে নাই—
    যেন এ বাসনা ব্যাকুল আবেগে, তাহারে আনিবে ডাকি ॥

---